

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/২০৮—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী রাজউকে দাখিলকৃত এবং মন্ত্রিসভা কমিটির সভায় উপস্থাপিত ঢাকা জেলার ঢাকার খিলক্ষেত থানার বরুয়া মৌজায় অবস্থিত বাংলাদেশ পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (POHS)

(১৮৯৮৯)

মূল্য : টাকা ৪.০০

এর আবাসন প্রকল্পের মাঝামাঝি স্থান দিয়ে পূর্ব-পশ্চিম বরাবর ড্যাপে চিহ্নিত খালটি নিম্নবর্ণিত শর্তে বাতিল করার অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো :

শর্ত : উত্তর দিকের পানি প্রবাহ অব্যাহত রাখার জন্য আবাসন প্রকল্পের যে স্থান দিয়ে পানির প্রবাহ প্রবেশ করেছে, সে স্থান থেকে আবাসন প্রকল্পটির জমির উপর দিয়ে পশ্চিম সীমানা ঘেষে উত্তর-দক্ষিণ বরাবর নতুন একটি খাল খনন করে দক্ষিণ দিকে পূর্বাচল সংযোগ সড়ক বরাবর নির্মিতব্য খালের সাথে সংযুক্ত করে পানি নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক

সিনিয়র সহকারী প্রধান।

বিশেষ দৃষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত প্রকল্পের ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।